মনোনয়ন বাণিজ্যে বসুন্ধরা গ্রুপের শাহ আলমকে কঠোর বার্তা দিলেন তারেক রহমান



সংগৃহীত ছবি

আওয়ামী লীগ সরকারের সময় বসুন্ধরা গ্রুপের মালিক আহমেদ আকবর সোবহান ওরফে শাহ আলম বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে নিয়ে প্রকাশ্যে আপত্তিকর মন্তব্য করেছিলেন—এমন অভিযোগ রাজনৈতিক অঙ্গনে দীর্ঘদিন ধরেই আলোচিত। পরবর্তীতে রাজনৈতিক পরিস্থিতির পরিবর্তনের পর তিনি বিএনপির কয়েকজন নেতার সঙ্গে ঘনিষ্ঠতা বাড়ানোর চেষ্টা করেন বলেও জানা যায়।

নির্বাচন সামনে রেখে চট্টগ্রাম-২ (ফটিকছড়ি) আসনে বিএনপির সাংবাদিক নেতা কাদের গনি চৌধুরী এবং কিশোরগঞ্জ-৫ আসনে মুজিবুর রহমান ইকবালকে প্রার্থী করতে বসুন্ধরা গ্রুপের পক্ষ থেকে সক্রিয় তৎপরতা চালানো হয় বলে দলীয় সূত্রে দাবি করা হয়েছে। এর মধ্যে একজন প্রার্থী প্রাথমিকভাবে মনোনয়ন তালিকায় জায়গা পেলেও চূড়ান্ত সিদ্ধান্তে তাদের কারও নামই অনুমোদন পায়নি।

দলীয় সূত্র জানায়, তারেক রহমানের নির্দেশনায় মনোনয়ন বোর্ড স্পষ্টভাবে জানিয়ে দিয়েছে—দলীয় মনোনয়নে অর্থ, প্রভাব কিংবা করপোরেট স্বার্থের কোনো স্থান নেই। যোগ্যতা, রাজনৈতিক ত্যাগ ও সাংগঠনিক গ্রহণযোগ্যতাকেই চূড়ান্ত সিদ্ধান্তের ভিত্তি করা হয়েছে।

LENS ASIA